আগামীকাল গাংনী মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ ওয়ার্ডের উপনির্বাচন

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচন আগামিকাল বৃহস্পতিবার (২৫ মে) অনুষ্ঠিত হবে।

মটমুড়া ইউনিয়ন পরিষদের শুন্য ওয়ার্ডের উপনির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন ও উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সকল ধরনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ নির্বাচনের রির্টানিং অফিসার ও গাংনী উপজেলা নির্বাচন কমকর্তা আব্দুল আজিজ বলেন, মটমুড়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচনে মোট ২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করছেন। তারা হলেন, ওই ওয়ার্ডের প্রয়াত সদস্য (মেম্বর) আব্দুস সোবহানের স্ত্রী মোছা: পলি আরা (মোরগ) ও মো: কামাল হোসেন (টিউবওয়েল)। হোগলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে দুটি ভোট কেন্দ্র স্থাপন করা হয়েছে। মোট ভোটার সংখ্যা ৬৩৯৭ জন। এদের মধ্যে নারী ভোটার সংখ্যা ৩১৮২ এবং পুরুষ ভোটার সংখ্যা ৩২১৫ জন।

উল্লেখ্য, চলতি বছরের ফেব্রুয়ারি মাসে ওই ওয়ার্ডের মেম্বর আব্দুস সোবহান নিজ বাড়িতে হলুদ সিদ্ধ করতে গিয়ে গরম পানির কড়াইয়ের মধ্যে পড়ে ঝলসে যায়। ঢাকা শেখ হাসিনা বার্ন হাসপাতালে চিকিৎসাধীন থাকা অবস্থায় মারা যান তিনি। পরে এই ওয়ার্ডটি শুন্য ঘোষণা করেন নির্বাচন কমিশনার।

এদিকে নির্বাচন অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষ করতে সব ধরণের প্রস্তুতি নিয়েছে নির্বাচন কমিশন। আজ বুধবার দুপুরের দিকে নির্বাচনী সরঞ্জামসহ, প্রিজাইডিং অফিসারসহ নিরাপত্তার কাজে নিয়োজিত পুলিশ আনসারদের ভোট কেন্দ্রে পৌছানোর নির্দেশ দেওয়া হয়েছে।

গাংনীর মটমুড়া ইউনিয়ন পরিষদের ভিজিএফএর চাউল বিতরণ

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের অসহায় ও হতদরিদ্র মানুষের মাঝে ভিজিএফএর চাউল বিতরন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে চাঊল বিতরণের উদ্বোধন করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু।

আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে অসহায় মানুষের মাঝে সুষ্ঠ ও সমভাবে চাউল বিতরণের সময় উপস্থিত ছিলেন মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ। ইউনিয়নের বিভিন্ন গ্রামের ৭ হাজার ২৬জন উপকারভোগীদের মাঝে সরকারি এই খাদ্য সহায়তা ভিজিএফ বিতরণ করা হবে।

এসময় ইউপি সচিব, ট্যাগ অফিসার উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের সহকারি শিক্ষা অফিসার আলাউদ্দীন আহম্মেদ, স্থানীয় ইউপি সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

মটমুড়া ইউনিয়ন পরিষদে জনঅংশগ্রহণ মূলক পরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত

এসডিজি ইউনিয়ন গড়ে তোলার লক্ষ্যে প্রত্যাশা ভিত্তি¦ক জন অংশগ্রহণমূলক পরিকল্পনা কর্মশালা আজ বৃহস্পতিবার সকালের দিকে গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের হলরুমে অনুষ্ঠিত হয়েছে। দি হাঙ্গার প্রজেক্ট এর সহযোগীতায় ও মটমুড়া ইউনিয়ন পরিষদের আয়োজনে এসডিজি ইউনিয়ন গড়ে তোলার লক্ষ্যে প্রত্যাশা ভিত্তি¡ক দিনব্যাপি এই কর্মশালা অনুষ্ঠিত হয়।
মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদের সভাপতিত্বে